দৈনিক বাংলা

তারিখ 0 9 JUL 1995
পৃষ্ঠা ১ কলাম ৪

৪৬

# র্ণাঙ্গ হাসপাতাল দাবী ঃ বাংলাদেশ মেডিক্যাল কলেজে ছাত্র ধর্মঘট

স্টাফ রিপোর্টার ঃ ধানমন্ডিস্থ বাংলাদেশ মেডিক্যাল কলেজে গতকাল শনিবার থেকে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট শুরু হয়েছে। ছাত্রছাত্রীরা ক্লিনিক্যাল ক্লাসের জন্য একটি স্বয়ংসম্পূর্ণ হাসপাতাল এবং কলেজ পরিচালনার জন্য নতুন কার্যকরী কমিটি গঠনের দাবীতে এ ধর্মঘট শুরু করেছে।

গতকাল কলেজ প্রাঙ্গণে ছাত্রছাত্রীদের মধ্যে ব্যাপক উত্তেজনা বিরাজ করে। কলেজ প্রাঙ্গণে পুলিশ মোতায়েন করা হয়। ধানমন্ডি থানা জানায়, ধর্মঘটী ছাত্রছাত্রীদের মধ্যে উত্তেজনা বিরাজ করলেও পরিস্থিতি নিয়ন্ত্রণে ছিল।

রাতে বাংলাদেশ মেডিক্যাল কলেজ ওয়েলফেয়ার এসোসিয়েশনের আহবায়ক ডাঃ দেওয়ান আমিনুল ইসলাম এবং সদস্যসচিব ডাঃ শেখ মোহাম্মদ ইশতিয়াক এক প্রেস বিজ্ঞপ্তিতে ঘটনার জন্য কলেজের বর্তমান এক্সিকিউটিভ কমিটিকে দায়ী করেন।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রতিবছর ছাত্রছাত্রী ভর্তির সময় কলেজ ফান্ডে কোটি কোটি টাকা জমা হয়। বর্তমানে কলেজ ফান্ডে ত্রিশ কোটি টাকা জমা আছে। অথচ কলেজের ছাত্রছাত্রীদের

(৪–এর পৃঃ ৪–এর কঃ দ্রঃ)

## পূর্ণাঙ্গ হাসপাতাল

(প্রথম পৃষ্ঠার পর)

ক্লিনিক্যাল ক্লাসের জন্য একটি স্বয়ংসম্পূর্ণ হাসপাতাল নেই। প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, ছাত্রছাত্রীদের অভিভাবকগণ ভর্তি ফি ও বেতন বাবদ যে টাকা দিচ্ছেন তা ছাত্রছাত্রীদের পড়াশোনার খরচ এবং পড়াশোনার সুবিধার্থে ও ব্যবহারিক জ্ঞান অর্জনে একটি পূর্ণাঙ্গ হাসপাতাল নির্মাণের জন্য। অথচ বর্তমান এক্সিকিউটিভ কমিটি তা করছেন না। প্রেস বিজ্ঞপ্তিতে বর্তমান এক্সিকিউটিভ কমিটি ভেঙ্গে নির্বাচিত শিক্ষক, অভিভাবক, পাসকরা ডাক্তার ও ছাত্রছাত্রীদের প্রতিনিধিদের নিয়ে নতুন এক্সিকিউটিভ কমিটি গঠনের দাবী করা হয়।

ধর্মঘটী ছাত্ররা জানান, কলেজের ল্যাবরেটরীটি একটি নামমাত্র ল্যাবরেটরী, হাসপাতালটিও একটি নামমাত্র হাসপাতাল। তারা জানান, এমনকি এই কলেজ থেকে যারা পাস করে এই কলেজেই ইন–সার্ভিস ট্রেনিং করছেন তারা গত আড়াই মাস থেকে বেতনভাতা পাচ্ছেন না। কলেজের ছাত্রছাত্রী এবং অভিভাবকরা এই কলেজের ভবিষ্যৎ নিয়ে শঙ্কিত।